



শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র

সড়ক নং ১২/এ, ধানমন্ডি, আ/এ, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

ন.শি.বো/কম্প/জনকণ/পার্ট-১/১৮/০৩

তারিখ: ১০/০৩/২০০২ইং

দৈনিক/শিফট ভিত্তিতে জ্যুনিয়র ও এডিটিং কাজে লোক নিয়োগের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ ও বাংলাদেশ হান্দাবাসা শিক্ষা বোর্ডের ২০০২ইং সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং দাখিল ও আলিম পরীক্ষার স্ক্যানিং ও এডিটিং (এসআইএফ, বেজিস্ট্রেশন, ফলাফল ইত্যাদি) কাজের জন্য ঢাকার ধানমন্ডি, কম্পিউটার কেন্দ্রে কম্পিউটারের মাধ্যমে প্রক্রিয়াকরণের কাজে দৈনিক/শিফট পাবিশ্রমিকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জ্যুনিয়র অপারেটর ও এডিটিং অপারেটর পদে প্যানেল তৈরির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের সাদা কাগজে জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সকল কাগজপত্র ও এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ ২৪/০৩/২০০২ইং তারিখের মধ্যে চেয়াবম্যান, শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ ধরার আবেদন করতে হবে। সাক্ষাতকার/ পরীক্ষার জন্য পৃথক কোন পত্র দেয়া হবে না। তবে যাদের সাক্ষাতকার/ পরীক্ষা গ্রহণ করা হবে তাদের নামের তালিকা আগামী ২৮/০৩/২০০২ইং তারিখে কম্পিউটার কেন্দ্রের প্রধান ফটকের কাছে নোটিশ বোর্ডে পাওয়া যাবে। জ্যুনিয়র অপারেটর পদের জন্য প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা উচ্চ মাধ্যমিক পাস হতে হবে। এডিটিং অপারেটর পদের জন্য প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক ডিগ্রী হতে হবে এবং ন্যূনতম ৬ মাস সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ ডস/ উইনডস/ ওয়ার্ড প্রসেসিং/ শ্রেড শীট ও ডাটাবেস-এ কাজের অভিজ্ঞতা থাকতে হবে। জ্যুনিয়র ও এডিটিং অপারেটরের জন্য আলাদা আলাদা দরখাস্ত করতে হবে। **খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।**

প্রাথমিক বাছাইয়ের পর প্রার্থীদের ২৯/০৩/২০০২ইং তারিখে সকাল ১০ : ০০টা হতে সাক্ষাতকার/ পরীক্ষা গ্রহণ করা হবে। সাক্ষাতকার/ পরীক্ষায় উপস্থিত হবার জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাতকারের সময় অবশ্যই মূল সনদপত্রসমূহ দেখাতে হবে।

প্রফেসর মোহাম্মদ জুনায়েদ

চেয়াবম্যান

শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র

ও

চেয়াবম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

এসসি-১৯৮/০২ (৭" X ২)

Ten-D (10.3)•HD-8